

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০২০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَرْجِعُ أَحَدٌ فِي هِبَتِهِ إِلَّا الْوَالِدُ مِنْ وَلَده» . رَوَاهُ النَّسَائِيِّ وَابْن مَاجَه

বাংলা

৩০২০-[৫] 'আব্দুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পিতা তার স্বীয় পুত্রের হিবা (দান করা) ব্যতীত কেউই নিজ হিবার জিনিস ফিরিয়ে নিতে পারে না। (নাসায়ী ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৩৬৮৯, ইবনু মাজাহ ২৩৭৮, সহীহ আল জামি' ৭৬৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا الْوَالِدُ مِنْ وَلَدِهِ) একমতে বলা হয়েছে, হাদীসাংশটুকু দান ফিরিয়ে হারাম হওয়ার উপর প্রমাণ বহন করছে। তবে কেবল সন্তানের ক্ষেত্রে তা ফিরিয়ে নেয়া বৈধ, কেননা সন্তান এবং সন্তানের সম্পদ পিতার জন্য সাব্যস্ত। ইমাম শাফি ক এ মত গ্রহণ করেছেন, যেমন তিনি বলেনঃ দান ফিরিয়ে নেয়া পিতা ছাড়া কারো জন্য বৈধ হবে না। কোনো ফায়সালা এবং সন্তুষ্টি ছাড়া দান ফিরিয়ে নেয়ার ক্ষেত্রে কেউ স্বয়ংসম্পন্ন নয়, তবে পিতার ক্ষেত্রটি আলাদা। কেননা তিনি যখন প্রয়োজনমুখী হবেন এককভাবে এ ক্ষমতা রাখবেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন